



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০১ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের

শুনানীর চতুর্থ দিনে ১১৭ জন হোল্ডারের ৬৫.৫৪% ভেল্যু কমাল

০১ নভেম্বর ২০১৭ খ্রি. সার্কেল-৮ এর আপিলকারীদের আপিল নিষ্পত্তির জন্য সকাল ১১ টা থেকে রিভিউ বোর্ড এর কার্যক্রম শুরু হয়। আজ ১১৭টি আপত্তি নিষ্পত্তি করা হয়। শুনানীর চতুর্থ দিনে রিভিউ বোর্ডে উপস্থিত হওয়ার জন্য ১৬০ জন হোল্ডার এর নিকট পত্র প্রেরণ করা হলে তন্মধ্যে ১১৭ জন হোল্ডার আপীল রিভিউ বোর্ডে শুনানীর জন্য উপস্থিত হন। আপীল রিভিউ বোর্ড হোল্ডারদের আপত্তি আমলে নিয়ে নির্ধারিত ভেল্যু থেকে গড়ে ৬৫.৫৪% ছাড় দিয়েছে। এছাড়াও ১০ জন গরীব হোল্ডারকে বছরে নামমাত্র ৫১ টাকা হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করেছে। আপিল রিভিউ বোর্ড ১১৭ জন হোল্ডারের অ্যাসেসমেন্ট ভেল্যু ১ কোটি ৬৬ লক্ষ ৬২ হাজার ৫ শত টাকা থেকে কমিয়ে ৫৭ লক্ষ ৪২ হাজার ৩ শত টাকা ভেল্যু ধার্য করেছে। ফলে হোল্ডারগণ বিশাল অংকের ছাড় পাওয়ায় মেয়রের প্রতি তাদের কৃতজ্ঞতা প্রকাশ করেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে আজ আপীল রিভিউ বোর্ডে মেয়রের পক্ষে সভাপতির দায়িত্ব পালন করেন ৩৬নং ওয়ার্ড কাউন্সিলর হাবিবুল হক। আপিল রিভিউ বোর্ড সদস্য প্রকৌশলী এম.আবদুর রশিদ, এডভোকেট চন্দন বিশ্বাস, প্রধান রাজ-কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, ট্যাক্সেশন অফিসার মোহাম্মদ ইউসুফসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা